

‘এসইআইপি’ সনদধারীরা জামানত ছাড়া ঋণ পাবে

সেমিনারে অতিরিক্ত সচিব

নিজস্ব প্রতিবেদক

মার্চ ৩১, ২০১৭

নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে এসইআইপি (স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম) এর সনদধারীদেরকে জামানত ছাড়া এসএমই ঋণ দেওয়ার ঘোষণা আসছে। এ সংক্রান্ত একটি নীতিমালা শিগগরিই ঘোষণা দেবেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির।

‘এক্সেস টু ক্রেডিট ফ্যাসিলিটিজ ফর সেক্স-এমপ্লয়মেন্ট অব দ্যা ট্রেইনিজ আন্ডার এসইআইপি প্রজেক্ট অব বাংলাদেশ ব্যাংক’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও এসইআইপি প্রকল্পের নির্বাহী পরিচালক আব্দুর রউফ তালুকদার এ কথা বলেন।

বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ আয়োজিত এ সেমিনার গতকাল বৃহস্পতিবার সকালে ব্যাংকের চট্টগ্রাম অফিসের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

সেমিনারে আব্দুর রউফ তালুকদার আরো বলেন, ‘ইউরোপের দেশগুলোতে ৭০ ভাগ শিক্ষার্থী টেকনিক্যাল লাইনে পড়াশোনা করে। পক্ষান্তরে, বাংলাদেশে মাত্র ১৩ ভাগ শিক্ষার্থী টেকনিক্যাল লাইনে পড়াশোনা করে। এসইআইপি প্রকল্পের লক্ষ্য হচ্ছে তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এমএমই খাতে উৎপাদনশীলতা বৃদ্ধিতে ভূমিকার রাখার পাশাপাশি নতুন উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা। এসইআইপি সার্টিফিকেট থাকলে এসএমই ঋণ পেতে তরুণ উদ্যোক্তাদেরকে কোন জামানত দিতে হবে না। এ ব্যাপারে একটি নীতিমালা তৈরিতে কাজ করছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির।

তিনি আরো বলেন, ‘আর্থিক সি’তিশীলতা ও দ্রব্যমূল্যের সি’তিশীলতা- এ দুটি লক্ষ্য নিয়ে বাংলাদেশ ব্যাংক কাজ করছে। প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে উন্নীত হতে হলে আমাদের আয় বাড়াতে হবে। আয় না বাড়লে মধ্যম আয়ের দেশেও পরিণত হওয়ার সম্ভব নয়। ২০৫০ সালের মধ্যে বিজিএমই গার্মেন্টস রপ্তানি লক্ষ্য নির্ধারণ করেছে ৫০ বিলিয়ন ডলার। যা বর্তমানের দ্বিগুণ। চার হাজার গার্মেন্টেস এ বর্তমানে ৪০ লক্ষ লোক কাজ করছে। ওই লক্ষ্য অর্জন করতে হলে আরো ৩০ লক্ষ দক্ষ লোকের প্রয়োজন। তাদের দক্ষতা বাড়িয়ে এ লক্ষ্য অর্জন সম্ভব।’

আব্দুর রউফ তালুকদার জানান, দেশে কর্মরত ২ লক্ষ বিদেশি বছরে ৫ বিলিয়ন ডলার নিয়ে যায়। অপরদিকে, ৭০ লাখ প্রবাসী বিদেশ থেকে দেশে পাঠায় মাত্র ৩০ বিলিয়ন ডলার। ফলে আমরা দেশের তরুণদের উৎপাদনশীলতা বৃদ্ধির দিকে প্রধান লক্ষ্য রেখে এসইআইপি প্রকল্প বাস্তবায়ন করছি। এ প্রকল্পের মাধ্যমে ২০২০ সালের মধ্যে গার্মেন্টমস, লেদার, শিপ বিল্ডিং, হেলথ কেয়ারসহ ৯টি সেক্টরে ৫ লাখ লোককে প্রশিক্ষণের ব্যবস্থা করছি আমরা। এ প্রকল্প সরকারের ৪টি মন্ত্রণালয়, ১৫টি ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন, পল্লিকর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসপি) এবং বাংলাদেশ ব্যাংকের এসএমই শাখা এক যোগে কাজ করছে।’

‘এসইআইপি’ প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট এবং এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন

প্রকল্পের আওতায় তিন বছরে সারা দেশে ১০ হাজার ২০০ তরুণ উদ্যোক্তার দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ট্রেড কোর্সে আউটসোর্সিং প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। ৫টি সেক্টরে আইসিটি, গার্মেন্টস, লাইট ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ও ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক্যাল মেইন্টিন্যান্স মোট ১২টি ট্রেড কোর্সে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের মহা-ব্যবসাপক স্বপন কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংক চট্টগ্রাম অফিসের মহা-ব্যবসাপক রাহেনা বেগম। বাংলাদেশ ব্যাংকের উপ-পরিচালক (এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ) শেখ আজম আলীর সঞ্চালনায় এতে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের উপ-পরিচালক (এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ) মোহাম্মদ জাহেদ ইকবাল। সেমিনারে অর্থমন্ত্রণালয়ের উপসচিব ও প্রকল্পের সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক সৈয়দ নাসির এরশাদ, বাংলাদেশ ব্যাংকের পিএসইউ, এসএআইপি প্রকল্পের কর্মকর্তাবৃন্দ এবং বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধান কর্মকর্তাবৃন্দ, চট্টগ্রাম বিভাগে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ইউসেপ বাংলাদেশ, শ্যামলী আইডিয়াল টেকনিক্যাল কলেজ, টিএমএসএস ও উদ্দীপনের কর্মকর্তা ও উদ্যোক্তা হতে আগ্রহী প্রশিক্ষণার্থীরা উপসি'ত ছিলেন।